| | Title: কোয়ালিটি পলিসি | | | |
|---|---|---|---|---|
| | Document Code: ISO/01/002 | | | |
| | Org: PBS KRL | Effective Date: 10 Feb 19 | Revision Status: 00 | Page 1 of 1 |

আমাদের প্রতিষ্ঠানের মূল লক্ষ্য হচ্ছে আওতাধীন শহর ও পল্লী অঞ্চলের সর্বত্র মানসম্মত, নিরবিচ্ছিন্ন এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা।

গ্রামাঞ্চলের শিক্ষা, সংস্কৃতি, কৃষি উৎপাদন, শিল্পায়ন এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ইত্যাদিতে বিদ্যুতের ব্যবহার করে গ্রামীণ জনগোষ্ঠির জীবন মানের উন্নয়ন করাই হচ্ছে আমাদের পবিস এর উদ্দেশ্য। বর্তমানে আধুনিক বৈদ্যুতিক যন্ত্রপাতির সাথে পরিচয়ের ফলে পল্লী অঞ্চলের জীবন মানের যে উন্নয়ন হয়েছে সেটি এসেছে পল্লী বিদ্যুতায়নের মাধ্যমেই। পল্লী অঞ্চলে বিদ্যুতায়নের ফলে উৎপাদন বৃদ্ধি, কর্ম ঘন্টা বৃদ্ধি, শিক্ষা ও স্বাস্থ্য সেবার মান বৃদ্ধির মধ্য দিয়ে তা নগরায়নকে সম্প্রসারিত করেছে।

আমাদের পবিস (PBS) এর লক্ষ্য অর্জনে আন্তর্জাতিক মান যাচাই করণ সংস্থার ISO 9001:2015 Standard এর শর্তানুযায়ী Quality Management Systems (QMS) গ্রহণ করেছে এবং সরকার ও বাপবিবোর্ডের (BREB) বিভিন্ন সময়ে প্রণীত আইন-কানুন ও পবিস নীতি নির্দেশিকা প্রতিপালন করে QMS বাস্তবায়ন করেছে।

জনসেবামূলক প্রতিষ্ঠান হিসেবে অত্র পবিস (PBS) এর সর্বোচ্চ কর্মদক্ষতা ও আন্তরিকতা দিয়ে গ্রাহক সেবাকে অগ্রাধিকার দিয়ে আসছে। অধিকন্তু, পবিস এর দক্ষ জনশক্তি দ্বারা বিদ্যুৎ সাশ্রয়ী সাজ-সরঞ্জামাদি ব্যবহার করে আধুনিক পদ্ধতিতে গ্রাহক সেবা প্রদান করে আসছে। গ্রাহক সেবার মান বৃদ্ধির লক্ষ্যে ইতোমধ্যে কম্পিউটারের বহুমুখী ব্যবহারের মাধ্যমে অত্র প্রতিষ্ঠানের দাপ্তরিক কার্যক্রম সুচারুরূপে পরিচালনা করা হচ্ছে। এছাড়াও অত্র সংস্থার গ্রাহক ও কর্মীদের নিরাপত্তার জন্য নিরাপত্তামূলক নির্দেশনাবলী প্রণয়ন করেছে যা প্রতিনিয়ত প্রতিপালিত হচ্ছে।

সময়ের সাথে প্রয়োজন অনুযায়ী প্রচলিত নীতিমালা সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন করা হয়। পরিবর্তনশীল প্রেক্ষাপট বিবেচনায় প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে Quality Management Systems (QMS) সর্বত্র ব্যবহার করা হচ্ছে। যা সকল পর্যায়ে ক্রমাগত ভাবে ডেলিগেট করা হচ্ছে।

| |
|---|
| অনুমোদনকারী: |
| সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার |
| তাং- ১০-০২-২০১৯ |